শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০০২.০২২.১৭-৩৪১

তারিখঃ ২০ আষাঢ় ১৪২৬ / ০৪ জুলাই ২০১৯

বিষয়ঃ রিট পিটিশন নং-১৪৫১/২০১৪ মামলার ১৩/১২/২০১৫ তারিখের রায় এবং আপিল নং- ৩৬১১/২০১৬ মামলার ১১/১২/২০১৭ তারিখের রায়/নির্দেশনা বাস্তবায়নের বিষয়টি সংশ্লিষ্ট আদালতকে অবহিতকরণসহ জামালপুর জেলার মেলান্দহ উপজেলাধীন কোনামালঞ্চ আমেনা দাখিল মাদ্রাসার সহকারী মৌলভী জনাব মো: শফিকুর রহমানের অবশিষ্ট ২০ মাসের (নভেম্বর/২০১৬ হতে জুন/২০১৮ পর্যন্ত) বকেয়া বেতন-ভাতা পরিশোধ সংক্রান্ত।

সূত্র:
(১) টিএমইডি এর স্মারক নং- ৫৭.০০.০০০০.০৬৬.০০২.০২২.১৭-৩৯৯. তারিখ: ২৯/১০/২০১৮ খ্রি:
(২) সুপার, কোনামালঞ্চ আমেনা দাখিল মাদ্রাসা -এর স্মারক নং- কোনা:/আ:/দা:/মাদ:/৮১. তারিখ: ০১/১২/১৮ খ্রি:
(৩) জনাব মো: শফিকুর রহমান. সহ: মৌলভী, কোনামালঞ্চ আমেনা দাখিল মাদ্রাসা-এর ১৮/২/১৯ তারিখের আবেদন
(৪) টিএমইডি এর স্মারক নং- ৫৭.০০.০০০০.০৬৬.০০২.০২২.১৭-১৬৪. তারিখ: ২০/০৩/২০১৯ খ্রি:
(৫) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৫.০২.০৬৭.১৭.৯৬. তারিখ: ০৪/৪/২০১৯ খ্রি:।
(৬) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৫.০৪.০১৬.১৮.১১২. তারিখ: ৩০/০৪/২০১৯ খ্রি:।
(৭) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৫.০৪.০১৬.১৮.১১৩. তারিখ: ৩০/০৪/২০১৯ খ্রি:।
(৮) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এর স্মারক নং- ৩৭.০০.০০০০.০৩১.০৪.০৫৮.১৯-১৬৫, তারিখ: ০৫/৫/২০১৯ খ্রি:
(৯) সুপার, কোনামালঞ্চ আমেনা দাখিল মাদ্রাসা -এর স্মারক নং- কোনা:/আ:/দা:/মাদ:/৯৭, তারিখ: ২০/০৫/১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রে পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কনটেম্পট পিটিশন নং-৩৭২/২০১৬ (রিট পিটিশন নং-১৪৫১/২০১৪ মামলা হতে উদ্ভুত)-এর প্রেক্ষিতে সিভিল আপীল ৩৬১১/২০১৬ মামলার অন্তবর্তীকালীন আদেশ (Ad-interim) বাস্তবায়ন তথা সিভিল আপীল ৩৬১১/২০১৬ মামলার ১১/১২/২০১৭ তারিখের অন্তর্বীকালীন আদেশ অনুযায়ী উক্ত আপীল মামলাটি নিষ্পত্তি না হওয়া পর্যন্ত জামালপুর জেলার মেলান্দহ উপজেলাধীন কোনামালঞ্চ আমিনা দাখিল মাদ্রাসার সহকারী মৌলভী জনাব মো: শফিকুর রহমান-এর ১০ নং কোডে বেতন-ভাতার সরকারি অংশ এমপিও চালুর ব্যবস্থা করত: এ বিভাগকে অবহিত করার জন্য সূত্রোক্ত (১) নং স্মারকের মাধ্যমে ডিএমই-কে নির্দেশনা প্রদান করা হয়েছিল

২। উক্ত পত্রের উপর গৃহীত ব্যবস্থার তথ্যাদি না পাওয়ায় এবং বর্ণিত প্রতিষ্ঠানের সুপার. ও পিটিশনার জনাব মো: শফিকুর রহমান-এর পরস্পর দোষারোপমূলক সূত্রোক্ত (২) ও (৩) এর আবেদনের প্রেক্ষিতে কনটেম্পট পিটিশন নং-৩৭২/২০১৬ (রিট পিটিশন নং-১৪৫১/২০১৪ মামলা হতে উদ্ভুত)-এর প্রেক্ষিতে সিভিল আপীল ৩৬১১/২০১৬ মামলার (Ad-interim) আদেশ বাস্তবায়নের হালনাগাদ তথ্যাদি জানানোর জন্য সূত্রোক্ত (৪) নং পত্রের মাধ্যমে পুনরায় ডিএমই -কে অনুরোধ করা হয়।

৩। তৎপ্রেক্ষিতে ডিএমই কর্তৃক বর্ণিত প্রতিষ্ঠানের সুপার-কে ১৪/১১/২০১৮ তারিখে নির্দেশনা প্রদানের তথ্য সূত্রোক্ত (৫) নং পত্র মারফত টিএমইডিকে অবহিত করা হয়।

৪। তথাপি উক্ত প্রতিষ্ঠান প্রধান কর্তৃক কোনরুপ ব্যবস্থা গ্রহণ না করায় সিভিল আপীল ৩৬১১/২০১৬ মামলাটি নিষ্পত্তি না হওয়া পর্যন্ত মাননীয় আপীল আদালত কর্তৃক প্রদত্ত (Ad-interim) আদেশ বাস্তবায়ন তথা পিটিশনার জনাব মো: শফিকুর রহমান-এর ১০ নং কোডে বেতন-ভাতার সরকারি অংশ (এমপিও) চালু করার নিমিত্ত মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর নির্দেশনা অমান্য করায় বর্ণিত প্রতিষ্ঠানের সুপার এর অসদাচরণ হওয়ায় তাঁর বিরুদ্ধে বেসরকারি শিক্ষকগণের চাকুরীর বিধিমালা ১৯৭৯ এর ১১ অনুচ্ছেদ অনুযায়ী কেন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবেনা সে মর্মে সুপার বরাবর এবং ম্যানেজিং কমিটির কার্যক্রম কেন স্থগিত করা হবে না সে মর্মে ম্যানেজিং কমিটির সভাপতি বরাবর কারণ দর্শানোর জন্য ডিএমই হতে সূত্রোক্ত (৬) ও (৭) নংপত্র প্রেরণ করা হয়।

৫। উল্লেখ্য যে. সিভিল আপীল ৩৬১১/২০১৬ মামলার ১১/১২/২০১৭ তারিখের অন্তর্বীকালীন আদেশ অনুযায়ী সহকারী মৌলভী জনাব মো: শফিকুর রহমান-এর ১০ নং কোডে বেতন-ভাতার সরকারি অংশ (এমপিও) চালু না করায় (মাদ্রাসা কর্তৃপক্ষ কর্তৃক প্রদান না করায়) উক্ত আপীল মামলার আদেশ অবমাননার দায়ে পিটিশনার কর্তৃক পুনরায় কনটেম্পট পিটিশন নং- ২৪/২০১৮ (সিভিল আপীল নং-১৩৭/২০১৮ হতে উদ্ভুত) দায়ের করা হয় । উক্ত কনটেম্পট মামলার প্রেক্ষিতে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণক্রমে মাউশি বিভাগকে অবহিত করার জন্য (উক্ত বিভাগের সিনিয়র সচিব মহোদয়-কে কনটেম্পটনর করায়) টিএমইডি-কে সূত্রোক্ত (৮) নং স্মারকের মাধ্যমে অনুরোধ জানানো হয়।

৬। তদপ্রেক্ষিতে সিভিল আপীল নং-১৩৭/২০১৮ এর রুলনিশি ও আর্জির কপি টিএমইডিতে প্রেরণ, এ বিভাগের ২৯/১০/২০১৮ তারিখের ৩৯৯ সংখ্যক স্মারকের নির্দেশনা (আপীল নিষ্পত্তি না হওয়া পর্যন্ত পিটিশনার এর ১০ নং কোডে বেতন-ভাতা চালুকরণ সংক্রান্ত) দেয়ার বিষয়টি উল্লেখ্যক্রমে কনটেম্পট পিটিশন নং-২৪/২০১৮ মামলার জবাব দাখিলের নির্দেশনা দিয়ে ডিজি, ডিএমই-কে ২৮/৪/১৯ তারিখে ২৩০ নং স্মারকে পত্র প্রেরণ করা হয়

৭। ডিএমই কর্তৃক কোনামালঞ্চ আমেনা দাখিল মাদ্রাসার সুপার এবং ম্যানেজিং কমিটির সভাপতি বরারব কারণ দর্শানোর প্রেক্ষিতে বর্ণিত প্রতিষ্ঠানের সুপার সূত্রোক্ত (৯) নং পত্রের মাধ্যমে জানান যে. সহকারী মৌলভী জনাব মো: শফিকুর রহমান কর্তৃক দায়েরকৃত রিট পিটিশন নং-১৪৫১/২০১৪ মামলার ১৩/১২/২০১৫ তারিখের রায় এবং উক্ত রায়ের বিরুদ্ধে দায়েরকৃত আপিল নং-৩৬১১/২০১৬ মামলার ১১/১২/২০১৭ তারিখের রায় বাস্তবায়নের নিমিত্ত ১০ম কোডে বকেয়াসহ বেতন-ভাতা বিল তৈরি করে নভেম্বর/২০১৬ হতে এপ্রিল/২০১৯ পর্যন্ত মোট ৩০ মাসের পাওনা পরিশোধের জন্য ৩টি বিল করিয়া সোনালী ব্যাংক মেলান্দহ শাখায় জমা দেয়া হয়। উল্লেখ্য যে, উক্ত ৩টি বিলেই জনাব মো: শফিকুর রহমান স্বাক্ষর করিয়াছেন এবং উক্ত ব্যাংক শাখায় ইতোমধ্যে জুলাই/২০১৮ হতে এপ্রিল/২০১৯ পর্যন্ত ১০ মাসের বেতন-ভাতা জনাব মো: শফিকুর রহমানের ব্যাংক একাউন্টে (একাউন্ট নং- [illegible]) জমা হয়েছে।

সুপার. তাঁর পত্রে অবশিষ্ট ২০ মাসের বকেয়া বেতন-ভাতা ব্যাংকের উক্ত খাতে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ হইলেই উক্ত বিলের অর্থ জনাব মো: শফিকুর রহমানের একাউন্টে জমা হইবে মর্মে উল্লেখ করেছেন। এ পর্যায়ে উক্ত ২০ মাসের বকেয়া বিলের অর্থ বরাদ্দ প্রদানের সদয় ব্যবস্থা গ্রহণের জন্য ডিজি, ডিএমই বরাবর অনুরোধ জানিয়ে উক্ত পত্রের অনুলিপি সংযোজনীসহ টিএমইডি-তে প্রেরণ করা হয়েছে।

৯। উল্লেখ্য, সহকারী মৌলভী জনাব মো: শফিকুর রহমানের অবশিষ্ট ২০ মাসের (নভেম্বর/২০১৬ হতে জুন/২০১৮ পর্যন্ত) বকেয়া বেতন-ভাতা'র টাকা সরকার কর্তৃক উক্ত সময়ে বরাদ্দ দেয়া হয়েছিল। কিন্তু প্রতিষ্ঠান প্রধান ও ম্যানেজিং কমিটির সভাপতি কর্তৃক বণ্টন করা হয়নি বিধায় অর্থ সমাপনান্তে সরকারি কোষাগারে ফেরৎ আসা স্বাভাবিক। উক্ত বকেয়া বেতন-ভাতা পুনরায় বরাদ্দ প্রদানের অবকাশ নেই। এক্ষেত্রে "বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান ও জনবল কাঠামো সম্পর্কিত নির্দেশিকা, ২০১০" এর ১৮(৬) অনুচ্ছেদ মোতাবেক (প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে) পরিশোধযোগ্য।

১০ এরূপে, নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন-

(ক) রিট পিটিশন নং-১৯৩১/২০১৩ মামলার ১৩.১২.২০১৫ তারিখের রায় এবং আপিল মামলা নং- ৩৬১১/২০১৬ মামলার ১১.১২.২০১৭ তারিখের রায় বাস্তবায়নের নিমিত্ত ১০ম কোডে বকেয়াসহ বেতন-ভাতা বিল তৈরি করে নভেম্বর/২০১৬ হতে এপ্রিল/২০১৯ পর্যন্ত মোট ৩০ মাসের পাওনা পরিশোধের জন্য ৩টি বিল করিয়া সোনালী ব্যাংক মেলান্দহ শাখায় জমা দেয়া হয়। উক্ত ৩টি বিলেই জনাব মো: শফিকুর রহমান স্বাক্ষর করিয়াছেন এবং উক্ত ব্যাংক শাখায় ইতোমধ্যে জুলাই/২০১৮ হতে এপ্রিল/২০১৯ পর্যন্ত ১০ মাসের বেতন-ভাতা জনাব মো: শফিকুর রহমানের ব্যাংক একাউন্টে (একাউন্ট নং-২৬১৫০০২০৫৮১৬৩) জমা হয়েছে এবং অবশিষ্ট ২০ মাসের বকেয়া বেতন-ভাতা ব্যাংকের উক্ত খাতে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ হইলেই উক্ত বিলের অর্থ জনাব মো: শফিকুর রহমানের একাউন্টে জমা হইবে মর্মে বর্ণিত প্রতিষ্ঠানের সুপারের এ বক্তব্য নিজস্ব আইনজীবী দ্বারা সংশ্লিষ্ট কনটেম্পট আদালতের গোচরে নেয়া;

(খ) সহকারী মৌলভী জনাব মো: শফিকুর রহমানের অবশিষ্ট ২০ মাসের (নভেম্বর/২০১৬ হতে জুন/২০১৮ পর্যন্ত) বকেয়া বেতন-ভাতা'র টাকা সরকার কর্তৃক বরাদ্দ দেয়া হয়েছিল। কিন্তু প্রতিষ্ঠান প্রধান ও ম্যানেজিং কমিটির সভাপতি কর্তৃক বণ্টন করা হয়নি বিধায় "বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান ও জনবল কাঠামো সম্পর্কিত নির্দেশিকা, ২০১০" এর ১৮(৬) {তৎকালীন উক্ত বিধান প্রযোজ্য} অনুচ্ছেদ অনুযায়ী (প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে) পরিশোধ করার জন্য উক্ত প্রতিষ্ঠানের সুপার. ও সভাপতি বরাবর নির্দেশনা প্রদান করা;

(গ) এ বিভাগের ০৮.০৪.২০১৯ তারিখে ১৯৬ নং স্মারকে চাহিত সিভিল আপীল নং-১৩৭/২০১৮ এর রুলনিশি ও আর্জির কপিসহ হালনাগাদ তথ্যাদি টিএমইডিতে প্রেরণ করা;

(ঘ) সুপার কর্তৃক ডিজি, ডিএমই বরাবর দাখিলকৃত ২০/০৫/২০১৯ তারিখের আবেদনের উপর গৃহীত ব্যবস্থার তথ্য টিএমইডিতে প্রেরণ করা;

১১ এমতাবস্থায়, ১০ নং অনুচ্ছেদে বর্ণিত মতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণক্রমে গৃহীত ব্যবস্থার তথ্যাদি আগামি ২১/০৭/২০১৯ খ্রি: এর মধ্যে টিএমইডি-তে প্রেরণের জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

মো: আ: খালেক মিঞা
সিনিয়র সহকারী সচিব (অডিট)

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৫
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা

**অনুলিপিঃ**

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। সুপারিনটেনডেন্ট, কোনামালঞ্চ আমিনা দাখিল মাদ্রাসা, ডাকঘর-হাজরাবাড়ী, উপজেলা- মেলান্দহ, জেলা-জামালপুর।
৫। জনাব মো: শফিকুর রহমান, সহকারী মৌলভী, কোনামালঞ্চ আমিনা দাখিল মাদ্রাসা, ডাকঘর-হাজরাবাড়ী, উপজেলা- মেলান্দহ, জামালপুর।
৬-৭। অফিস কপি/মাষ্টার কপি।